

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃঙ্খলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

.১১.১৪২২ বঙ্গাব্দ

তারিখ: \_\_\_\_\_

( ) .০২.২০১৬ খ্রিস্টাব্দ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৯.২০১৪- ২৭)

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ জাহিদ হাসান (১১২৯৬৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মদন, নেত্রকোনা গত ০১.১১.২০১৩খ্রিঃ তারিখ  
হতে 'বিনানুমতিতে কর্মসূলে অনুপস্থিত' থাকায় তার বিরুক্ত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি)  
বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মসূলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা বৃক্ষু করে ২৪.০৭.২০১৪খ্রিঃ তারিখের  
৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৯.২০১৪-৫৯২নং স্মারকে ১ম কারণ দর্শনো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুক্ত আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী  
কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান  
করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন  
বরখাস্ত করা হবে না মর্মে ০৪.০৫.২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৯.২০১৪-২৪৭নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশ জারি  
করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিফার্ট গ্রহণ  
করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ১৪.০১.২০১৬ তারিখের  
৮০.১০৭.০৩৪.০০.০০.০৩১.২০১৫-১২নং স্মারকে কর্তৃপক্ষের সিফার্টের সাথে একমত গোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৭.০২.২০১৬ তারিখে সদয় অনুমোদন  
করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আগীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ জাহিদ হাসান (১১২৯৬৭),  
মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মদন, নেত্রকোনাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১.১১.২০১৩খ্রিঃ থেকে সরকারি  
চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(সৈয়দ মন্ত্রুল ইসলাম)  
সচিব

উপ-পরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৯.২০১৪- ২৭) । ১ (৩২)

তারিখ: ( ) .০২.২০১৬খ্রিঃ

অন্তিমিক্রোবিশেষ প্রযোজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঁ:

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, নেত্রকোনা।
- ৭। সিনিয়র সহকারী সচিব (পার-৩ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মদন, নেত্রকোনা।
- ১০। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মদন, নেত্রকোনা।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ মোঃ জাহিদ হাসান (১১২৯৬৭), মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মদন, নেত্রকোনা (যোগাযোগ ঠিকানা:- হাউজ  
নং-০৮, রোড নং-২০/এ, সেক্টর-০৮, উত্তরা, ঢাকা-১২৩০)।

  
(আসমা তাসকিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)